



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/28/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঐতিহাসিক তুষারঝড়ের প্রেক্ষিতে প্রধান ওয়েস্টার্ন নিউ ইয়র্ক  
হাইওয়েগুলি পুনরায় চালু করার কথা ঘোষণা করেছেন

*1-190 এর এরি কাউন্টি অংশ এবং স্টেট রুট 5, 33, এবং 198 আজ রাত 12টায়  
সম্পূর্ণরূপে পুনরায় চালু*

*ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সকল প্রধান স্টেট হাইওয়ে এখন খোলা থাকবে*

*স্টেটের পরিবহন বিভাগ এবং ফ্রুওয়ে কর্তৃপক্ষ তুষার অপসারণে স্থানীয় পৌরসভাকে  
সহায়তা করা চালিয়ে যাচ্ছে*

গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটে প্রভাব ফেলতে পারে এমন সবচেয়ে শক্তিশালী শীতকালীন ঝড়ের পরে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সকল স্টেটের সকল প্রধান হাইওয়ে আজ মধ্যরাতে আবার খুলে দেওয়া হবে। স্টেট রুট 5, 33 এবং 198, সেইসাথে ইন্টারস্টেট 190 এর এরি কাউন্টি অংশ সম্পূর্ণরূপে আবার চালু করা হবে। পরিবহন বিভাগ (Department of Transportation, DOT) এবং ফ্রুওয়ে রক্ষণাবেক্ষণ বাহিনী, প্রথম সাড়াদানকারী এবং স্থানীয় প্রশাসনের সাথে একত্রে এই হাইওয়েগুলি যত দ্রুত সম্ভব পুনরায় চালু করা নিশ্চিত করতে রাস্তাগুলি তুষার ও পরিত্যক্ত যানবাহন মুক্ত করতে গত কয়েকদিন ধরে অবিরাম পরিশ্রম করেছে। নিউ ইয়র্ক স্টেট ফ্রুওয়ে (I-90), I-290, I-990, স্টেট রুট 400 এবং 219-এর একদিন পরেই খোলা হয়েছে; এবং নায়াগ্রা কাউন্টিতে I-190 এর কিছু অংশ এবং এরি কাউন্টির I-290 এর উত্তরে যানবাহন চলাচলের জন্য আবার খুলে দেওয়া হয়েছে।

"এই ঐতিহাসিক শীতকালীন ঝড় থেকে ওয়েস্টার্ন নিউ ইয়র্ককে পুনরুদ্ধার করতে আমরা চব্বিশ ঘণ্টা কাজ করছি এবং কাজটি শেষ না হওয়া পর্যন্ত আমরা থামব না," **গভর্নর হোকল বলেন।** "আমি সকল হাইওয়ে রক্ষণাবেক্ষণ কর্মী, প্রথম সাড়াদানকারী এবং জরুরি পরিষেবা কর্মীদের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ যারা তাদের সহকর্মী নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার জন্য নিরলসভাবে পরিশ্রম করে চলেছেন।"

স্টেট পরিবহন বিভাগ এবং ফ্রুওয়ে বাহিনী ঘটনাস্থলে রয়েছে, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক জুড়ে স্থানীয় রাস্তার বরফ সরাচ্ছে, সেইসাথে স্নো ব্লোয়িং এবং লোড এবং হটল অপারেশন সম্পন্ন করেছে। আজ পর্যন্ত, পরিবহন বিভাগ স্থানীয় রাস্তা পরিষ্কার করতে এবং বাফেলো শহর এবং স্থানীয়

পৌরসভাকে তুষার অপসারণে সহায়তা করার জন্য পাঁচটি তরঙ্গ জনবল এবং সরঞ্জাম প্রেরণ করেছে এবং ঠিকাদার সংস্থান সংগ্রহ করেছে। থ্রুওয়ে কর্তৃপক্ষও (Thruway Authority) ওয়েস্টার্ন নিউ ইয়র্কে জনবল এবং সরঞ্জামের দুইটি তরঙ্গ পাঠিয়েছে এবং অবস্থার পরিপ্রেক্ষিতে প্রয়োজন হলে আরো পাঠাবে।

ঝড়ের আগে, ঝড় চলাকালীন সময়ে অথবা ঝড়ের পরে জরুরি নয় এমন পরিষেবার প্রয়োজনগুলো পূরণ করতে 211 নম্বরে ফোন করুন অথবা ভিজিট করুন [211nys.org](http://211nys.org) ঠিকানায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418